**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 01-01-25** **Desk in Charge :**

**Time : 7.50 P.M.** **Compiling :**

**Opening Announcement** আকাশবাণী, খবর পড়ছি –

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) নতুন বছরের শুরুতেই বিভিন্ন দফতরে শূন্যপদ পূরণে উদ্যোগী হয়েছে রাজ্য সরকার।

২/ চলতি খরিফ মরশুমের প্রথম দুমাসে কৃষকদের কাছ থেকে রাজ্য সরকার, রেকর্ড পরিমাণ ধান সংগ্রহ করেছে।

৩/ PM ফসল বীমা যোজনা ও পুনর্গঠিত আবহাওয়া ভিত্তিক শস্যবীমা যোজনা-র মেয়াদ, ২০২৫-২৬ সাল পর্যন্ত বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে কেন্দ্রীয় মন্ত্রিসভা।

৪/ জাল পাসপোর্ট কান্ডের তদন্তে আরো একজনকে গ্রেপ্তার করেছে পুলিশ।

৫/ ইংরেজী নতুন বছর-২০২৫-এর প্রথম দিনে, আজ রাজ্যজুড়ে উৎসবের মেজাজ।

# কল্পতরু উৎসব উপলক্ষ্যে কাশীপুর উদ্যানবাটি, দক্ষিণেশ্বর, জয়রামবাটি, কামারপুকুরে ভিড় করেছেন অগণিত ভক্ত।

৬/ নতুন বছরের শুরুতেই দক্ষিণবঙ্গে ফের শীতের আমেজ।

*****************************************************************

নতুন বছরের শুরুতেই রাজ্য সরকার বিভিন্ন দফতরের শূন্যপদ পূরণে উদ্যোগী হচ্ছে। এরই অঙ্গ হিসাবে সচিবালয় পর্যায়ের দফতরগুলিতে শূন্যপদের সংখ্যার পর্যলোচনা শুরু হয়েছে।

রাজ্যের কর্মিবর্গ ও প্রশাসনিক সংস্কার দফতর শূন্যপদের সংখ্যা জানতে চেয়ে বিভিন্ন দফতরকে ইতোমধ্যেই চিঠি পাঠিয়েছে। সেখানে লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট, আপার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট, হেড অ্যাসিস্ট্যান্ট ও সেকশন অফিসারের মোট অনুমোদিত পদ ও কর্মরতদের সংখ্যা এবং কত পদ শূন্য রয়েছে তার বিস্তারিত পরিসংখ্যান তলব করা হয়েছে। ৩১ শে জানুয়ারির মধ্যে দফতরগুলিকে এই সংক্রান্ত তথ্য নির্ধারিত বয়ানে জমা দিতে হবে।

একই সঙ্গে ডিরেক্টরেট ও আঞ্চলিক পর্যায়ের অফিসগুলিতে অনুমোদিত পদ এবং বর্তমান কর্মী সংখ্যা পর্যালোচনার প্রক্রিয়াও শুরু হয়েছে বলে নবান্নে প্রশাসনিক সূত্রে খবর। গ্রুপ-ডি পদে নিয়োগ হবে নবগঠিত স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে। গ্রুপ সি-এলডিএ পদে নিয়োগ করতে ক্লার্কশিপ পরীক্ষা গ্রহণের জন্যও শীঘ্রই বিস্তারিত বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। পাবলিক সার্ভিস কমিশনের পক্ষ থেকে তা ইতিমধ্যে জানিয়েও দেওয়া হয়েছে। পদোন্নতির মাধ্যমে এলডিএ’-র উপরের পদগুলি পূরণ করা হবে।

*************************

রাজ্য সরকার চলতি খরিফ মরশুমের প্রথম দু’মাসে চাষিদের কাছ থেকে রেকর্ড পরিমাণ ধান সংগ্রহ করেছে। গত বছরের নভেম্বর- ডিসেম্বরের তুলনায় এবার কৃষকদের কাছ থেকে সহায়ক মূল্যে ধান সংগ্রহের পরিমাণ দ্বিগুণেরও বেশি বলে জানা গেছে।

খাদ্য দফতর সূত্রে জানা গেছে, ৩০ শে ডিসেম্বর পর্যন্ত ৮ লক্ষ ৩৯ হাজার কৃষকের কাছ থেকে মোট ২৬ লক্ষ ৬৯ হাজার টন ধান সংগ্রহ করা হয়েছে। কর্মসূচির সাফল্যের জন্য খাদ্য দফতরের প্রধান সচিব পারভেজ আহমেদ সিদ্দিকি এই প্রক্রিয়ার সঙ্গে যুক্ত সবপক্ষকে ধন্যবাদ জানিয়ে বিশেষ বার্তা পাঠিয়েছেন। মরশুমের বাকি সময়েও ধান কেনার গতি যাতে বজায় থাকে সেজন্যও নির্দেশ দেওয়া হয়েছে।

প্রসঙ্গত, ২০২৪-২৫ খরিফ মরশুমের ধান সংগ্রহ শুরু হয়েছে নভেম্বরে, চলবে আগামী সেপ্টেম্বর মাস পর্যন্ত। এই সময়ে ৬৬ লক্ষ টন ধান কেনার লক্ষ্যমাত্রা নির্দিষ্ট করা হয়েছে।

এদিকে রাজ্যের কৃষকবন্ধু প্রকল্পের অন্তর্ভুক্ত চাষিদের কাছ থেকে ন্যুনতম ৩০ কুইন্টাল ধান কেনা বাধ্যতামূলক করা হচ্ছে। কৃষকের জমির পরিমাণ নির্বিশেষে এই নিয়ম কার্যকর করার জন্য খাদ্য দফতর, জেলা আধিকারিকদের নির্দেশ দিয়েছে।

************************

কেন্দ্রীয় মন্ত্রিসভা, PM ফসল বীমা যোজনা ও পুনর্গঠিত আবহাওয়া ভিত্তিক শস্যবীমা যোজনা ২০২৫-২৬ সাল পর্যন্ত সম্প্রসারিত করার সিদ্ধান্ত নিয়েছে।

মন্ত্রিসভার বৈঠক শেষে, তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব আজ নতুন দিল্লীতে সাংবাদিকদের বলেন, এই দুই প্রকল্পের অধীনে ব্যয় বরাদ্দ বাড়িয়ে ৬৯ হাজার ৫১৫ কোটি টাকা করা হয়েছে।

(বাইট অশ্বিনী বৈষ্ণব)

************************

কেন্দ্রীয় মন্ত্রিসভা ডাই অ্যামোনিয়াম ফসফেট DAP সারের উপর এককালীন ভর্তুকি দেওয়ার বিশেষ প্যাকেজের সময়সীমা বৃদ্ধির ওপর ছাড়পত্র দিয়েছে। DAP র প্রতি মেট্রিক টনে ৩'হাজার ৫০০ টাকারও বেশি হারে ভর্তুকি দেওয়া হবে। সার মন্ত্রক আজ থেকে এই প্রস্তাব কার্যকরী করার ছাড়পত্র দিয়েছে। কৃষকরা যাতে ন্যায্য ও সুলভ মূল্যে সারেরর জোগান পান, তা নিশ্চিত করতে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এই সুবিধা বলবৎ থাকবে। নতুন দিল্লিতে আজ মন্ত্রীসভার বৈঠকের পর তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব সংবাদমাধ্যমকে বলেন, ৫০ কিলোগ্রামের ব্যাগ প্রতি কৃষকরা ১ হাজার ৩৫০ টাকা মূল্যে DAP কিনতে পারবেন। সারের অতিরিক্ত মূল্য বহন করবে কেন্দ্রীয় সরকার।

************************

তৃণমূল কংগ্রেসের ২৮তম প্রতিষ্ঠা দিবস দলের তরফে রাজ্য জুড়ে নানা অনুষ্ঠানের মধ্যে দিয়ে পালিত হচ্ছে। দলনেত্রী মমতা ব্যানার্জি ও সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় দলের প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

এক্স হ্যান্ডেলে নিজের বার্তায় তৃণমূল কংগ্রেস নেত্রী বলেন, রাজনীতি ক্ষমতার নয় বরং তা পরিষেবার। দু দশকের প্রতিটা প্রতিবাদ, প্রত্যেক জয় এবং চ্যালেঞ্জ দলকে আরও মজবুত করেছে বলে তিনি জানান। অন্যদিকে অভিষেক বন্দ্যোপাধ্যায় দলীয় কর্মীদের আত্মত্যাগ ও নিরলস প্রচেষ্টাকে কুর্নিস জানিয়ে নতুন বছরে নতুন উদ্যমে লড়াইয়ের জন্য প্রস্তুত হতে আহ্বান জানিয়েছেন। প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে তৃণমূল কংগ্রেস ভবনে দলীয় পতাকা উত্তোলন করেন রাজ্য সভাপতি সুব্রত বক্সি।

********************

তৃণমূল কংগ্রেসের প্রতিষ্ঠা দিবসে, পতাকা উত্তোলনকে কেন্দ্র করে, দক্ষিণ ২৪ পরগণার ভাঙড়ে আজ ব্যাপক উত্তেজনা ছড়ায়।

আরাবুল ইসলাম অনুগামীদের ব্যাপক মারধোরের অভিযোগ উঠেছে বিধায়ক সওকত মোল্লার অনুগামীদের বিরুদ্ধে। পোলের হাট থানার ওয়াড়ি এলাকায় আরাবুল ইসলাম দলীয় পতাকা উত্তোলনের জন্য গেলে, সওকত অনুগামীরা তাঁর ওপর চড়াও হয়। ভাংচুর চলে আরাবুল ইসলামের গাড়িতে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশকে কার্যত লাঠিচার্জ করতে হয়। এলাকায় অশান্তি পাকাতেই আরাবুলের অনুগামীরা পতাকা তুলতে যায় বলে অভিযোগ করেছেন, বিধায়ক সওকত মোল্লা।

********************

আকাশবাণী কলকাতা সংবাদ বিভাগের বিভিন্ন পদে ক্যাজুয়াল চুক্তিভিত্তিক নিয়োগের লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশিত। সফল পরীক্ষার্থীদের নামের তালিকা আকাশবাণী ভবনের রিসেপশন এবং সংবাদ বিভাগের সামনে টাঙানো আছে। আকাশবাণী কলকাতা সংবাদ বিভাগের সমস্ত সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মেও এই তালিকা দেখতে পাওয়া যাচ্ছে।

*********************

জাল পাসপোর্ট কান্ডের তদন্তে লালবাজারের গোয়েন্দা পুলিশ আরো একজনকে গ্রেপ্তার করেছে। ধীরেন ঘোষ নামে ওই ব্যক্তিকে নদীয়ার চাকদা থানা এলাকার একটি বাড়ি থেকে গতকাল গভীর রাতে পাকড়াও করা হয়। পাসপোর্ট কান্ডে আগেই গ্রেপ্তার হওয়া মূল চক্রী মনোজ গুপ্তকে জেরা করে ধীরেন ঘোষের সন্ধান মেলে বলে, পুলিশ সূত্রে জানা গেছে। আজ তাকে আলিপুর আদালতে তলা হয়েছে।

এদিকে, ভারত থেকে বাংলাদেশে ফিরে যাওয়ার সময় দুই মহিলা বাংলাদেশী অনুপ্রবেশকারী, পুলিশের হাতে ধরা পড়েছে। জানা গেছে, উত্তর ২৪ পরগনার বাগদার চুয়াটিয়া-মাথাভাঙ্গা মোড়ে সন্দেহজনক গতিবিধি দেখে পুলিশ তাদের আটক করে। জিজ্ঞাসাবাদের সময় আজমিরা খাতুন ও সিরিনা খাতুন নামে ওই দুই মহিলা নিজেদের বাংলাদেশের সারসা জেলার বাসিন্দা বলে জানায়। পাঁচ মাস আগে বৈধ নথিপত্র ছাড়াই তারা ভারতে প্রবেশ করে। মুম্বাই-তে একটি পার্লারে দুজনেই কাজ করতো। ধরপাকড় শুরু হতেই বাংলাদেশে ফিরে যাওয়ার জন্য তারা বাগদায় এসেছিল বলে জানায়। বনগাঁ মহকুমা আদালত দুজনকে ১৪ দিনের জেল হেফাজত দিয়েছে।

*********************

ইংরেজী নতুন বছর ২০২৫-এর প্রথম দিনে কলকাতা সহ রাজ্যজুড়ে আজ উৎসবের মেজাজ। কচি-কাঁচাদের নিয়ে মা-বাবা ভিড় জমিয়েছেন চিড়িয়াখানা, ভিক্টোরিয়া মেমোরিয়াল, ইকোপার্কে। রাজ্যের সৈকত শহর দীঘা, মন্দারমণিতেও ভীড় চোখে পড়েছে। পর্যটনস্থল পুরুলিয়ার অযোধ্যা, বাঁকুড়ার শুশুনিয়া পাহাড়েও নতুন বছরের আনন্দে মেতে উঠেছেন অনেকেই। দার্জিলিং-এর বাতাসিয়া লুপ, ম্যাল সহ পর্যটনস্থলগুলিতে ভিড় ছিল চোখে পড়ার মতো। বিভিন্ন জায়গায় আয়োজন করা হয়েছে বনভোজনের আসর।

ইংরেজী নতুন বছরে নদীয়ার পর্যটন স্থলগুলিতে উপচে পড়েছে মানুষের ভিড়। মায়াপুর ইস্কন মন্দির সহ নবদ্বীপের মঠ ও মন্দিরগুলিতে নেমেছে মানুষের ঢল।

*********************

আজ পয়লা জানুয়ারি কল্পতরু উৎসব। ১৮৮৬ সালের আজকের দিনেই কাশীপুর উদ্যানবাটিতে রামকৃষ্ণ পরমহংসদেব, গিরিশ ঘোষ সহ ৩০ জন গৃহী ভক্তকে আশীর্বাদ করে বলেছিলেন 'তোমাদের চৈতন্য হোক'। ঠাকুরের এই আশীর্ব্বাণীকে স্মরণ করে শুরু হয় কল্পতরু উৎসব।

কাশীপুর উদ্যানবাটিতে আজ ভোর থেকেই ভক্তদের উপচে পড়া ভিড় চোখে পড়েছে। রামকৃষ্ণ পরমহংসদেবের অধিষ্ঠান ঘরটিতে নিবেদন করা হচ্ছে পুষ্পার্ঘ্য। সকাল থেকেই শুরু হয়েছে মঙ্গলারতি, পুজাপাঠ ও নানা ধর্মীয় আচার অনুষ্ঠান।

শ্রী শ্রী মা সারদার জন্মস্থান বাঁকুড়ার জয়রামবাটি মাতৃমন্দিরে পালিত হচ্ছে কল্পতরু উৎসব। চলছে বিশেষ মঙ্গলারতি পূজাপাঠ সহ নানান অনুষ্ঠান। যোগ দিয়েছেন দূর দূরান্ত থেকে আসা অসংখ্য দর্শণার্থী।

এদিকে বাঁকুড়া জেলার বিভিন্ন প্রান্তে বছরের প্রথম দিনে ভিড় জমিয়েছেন পর্যটকরা। আমাদের জেলা প্রতিনিধির একটি প্রতিবেদন- ( ভিসি )

**************************

এক ইঞ্জিনিয়ারিং পড়ুয়া এক ছাত্রীকে মদ্যপান করিয়ে ধর্ষণের ঘটনায় ধৃত কলেজ ছাত্রকে আজ আলিপুর আদালতে তোলা হলে ৪ তারিখ পর্যন্ত পুলিশ হেফাজত দেওয়া হয়।

উল্লেখ্য, নির্যাতিতা গতকাল গড়ফা থানায় ওই ছাত্রের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ করেন।

**************************

রাজ্য সরকার এবার জেলাতেও সঙ্গীতমেলার আয়োজন করছে। কলকাতায় ১১টি জায়গার পাশাপাশি আরও ৪ জেলায় সঙ্গীতমেলার আয়োজন করা হবে বলে তথ্য-সংস্কৃতি প্রতিমন্ত্রী ইন্দ্রনীল সেন জানিয়েছেন। আগামীকাল থেকে শুরু হয়ে বাংলা সঙ্গীতমেলা ৯ জানুয়ারি পর্যন্ত চলবে।

**************************

নতুন বছরের শুরুতেই দক্ষিণবঙ্গে ফের শীতের আমেজ। আজ সর্বোচ্চ তাপমাত্র রেকর্ড

করা হয়েছে ২২ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ২ দশমিক ৩' ডিগ্রী কম। সকালের সর্বনিম্ন তাপমাত্রা এক ধাক্কায় ৩ ডিগ্রী নেমে হয় ১৪ দশমিক ২' ডিগ্রী সেলসিয়াস।

*************************

মোহনবাগান সুপার জায়ান্ট, আগামীকাল আইএসএল ফুটবলে হায়দরাবাদ এফসি-র মুখোমুখি হবে। যুবভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

মোহনবাগান ১৩ ম্যাচে ২৯ পয়েন্ট নিয়ে লিগ শীর্ষে আছে। দ্বাদশ স্থানে থাকা হায়দরাবাদের সমসংখ্যক ম্যাচে পয়েন্ট আট।

*************************

বিশিষ্ট ফুটবলার তথা ইস্টবেঙ্গলের প্রাক্তন অধিনায়ক অলোক সাহা প্রয়াত। বয়স হয়েছিল ৬৪ বছর।

১৯৮৩ থেকে ৮৮, ইস্টবেঙ্গল ডিফেন্সের অন্যতম ভরসা ছিলেন অলোক সাহা। ১৯৮৭-তে তিনি ইস্টবেঙ্গল ক্লাবের অধিনায়ক হন।

জিতেছেন, IFA শিল্ড, ফেডারেশন কাপ, কলকাতা লীগ, এয়ারলাইন্স গোল্ড কাপ। ১৯৮৮-তে বাংলার সন্তোষ ট্রফি জয়ের অন্যতম কারিগর ছিলেন তিনি।

*******************************************************************